অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/26/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের সম্ভাব্য ফ্ল্যাশ ফ্লাডিংয়ের মুখোমুখি হওয়ার জন্য প্রস্তুত থাকতে আবেদন জানাচ্ছেন

সোমবার সন্ধ্যায় এবং মঙ্গলবার সকালে যারা রাস্তায় বের হবেন তাদের প্রবল বর্ষা এবং তুষারপাতের কারণে গাড়ি চালাতে অসুবিধায় পড়তে হতে পারে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নিউ ইয়র্কবাসীদের বাড়ি থেকে সাবধানে বেরোনোর জন্য আবেদন জানাচ্ছেন কারণ উপকূল অঞ্চলে দেখা দেওয়া ঝড়ের কারণে রাজ্যের অধিকাংশ অঞ্চলে বর্ষা এবং তুষারপাতের মতো ঘটনা ঘটতে পারে। রাজ্যের অধিকাংশ জায়গাতেই বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে, তবে নর্থ কান্ট্রির উপরের দিকে বৃষ্টিপাত তুলনায় বেশি হতে পারে। মিড-হাডসন ভ্যালি, নিউ ইয়র্ক শহরে এবং লং আইল্যান্ড অঞ্চলে সারা দিন ধরে তবে বিশেষ করে সন্ধ্যার সময়ে প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। প্রবল বৃষ্টিপাতের কারণে ডাউনস্টেট অঞ্চলে সোমবার দুপুর 12টা থেকে সন্ধ্যা পর্যন্ত ফ্ল্যাশ ফ্লাড ওয়াচ অব্যহত থাকবে। আজ দুপুর 12টা থেকে 3টা পর্যন্ত এবং আবার আজ মাঝরাত থেকে মঙ্গলবার সকাল 4টা পর্যন্ত ওয়েস্টার্ন লং আইল্যান্ড সাউন্ড জুড়ে কোস্টাল ফ্লাড ওয়ার্নিং অব্যহত থাকবে। সাফোক কাউন্টি, স্টাটেন আইল্যান্ড এবং ম্যানহাটনের উপকূল অঞ্চল জুড়ে আজ এবং আজ রাতেও জোয়ারের সময় কোস্টাল ফ্লাড অ্যাডভাইজর অব্যহত থাকবে। ডাউনস্টেটে বৃষ্টিপাত এবং আপস্টেটে বরফ জমার সম্ভাবনা থাকায়, ড্রাইভারদের খুব সাবধান হয়ে যাতায়াত করতে আবেদন জানানো হচ্ছে এবং রাস্তার অবস্থা খারাপ হওয়ার সম্ভাবনা থাকায় সেই বিষয়ে প্রস্তুত থাকুন।

"প্রকৃতি আবার নিউ ইয়র্কে প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনা নিয়ে এসেছে, আপস্টেটে প্রবল তুষারপাত এবং ডাউনস্টেটে ফ্ল্যাশ ফ্লাডের সম্ভাবনা রয়েছে যা আমাদের যাতায়াত ব্যবস্থাকে অসুবিধায় ফেলতে পারে," **গভর্নর কুওমো বলেছেন।** "প্রয়োজন মতো রাস্তায় রিসোর্স নামাতে আমাদের স্টেট এজেন্সি এবং ইমার্জেন্সি ম্যানেজারেরা প্রস্তুত আছেন এবং আমি সকল নিউ ইয়র্কবাসীকে আগাম প্রস্তুতি সেরে ফেলার এবং ঝড়বৃষ্টি আসার আগেই সাবধান হয়ে ওঠার জন্য বলছি।"

ডাউনস্টেট অঞ্চলে যেমন প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে তেমনি আপস্টেটে লেক ইফেক্ট স্নোর সম্ভাবনা রয়েছে। প্রবল তুষারপাতের কারণে আপস্টেটের অধিকাংশ জায়গায় দুই থেকে পাঁচ ইঞ্চি বরফ জমে যেতে পারে এবং চাতোকোয়া রিজ এবং টাগ হিল প্লেটোর টিপিক্যাল লেক ইফেক্ট ব্যান্ড অঞ্চলে ছয় থেকে 18 ইঞ্চির বরফ জমতে দেখা যেতে পারে। 48 ঘন্টা ধরে তুষারপাতের সম্ভাবনা রয়েছে।

এসেক্স, ক্লিনটন, হ্যামিল্টন, হারকিমের এবং ওয়ারেন কাউন্টিগুলিতে আজ সন্ধ্যা 7টা থেকে মঙ্গলবার সন্ধ্যা 7টা পর্যন্ত উইন্টার স্টর্ম ওয়ার্নিং অব্যহত থাকবে। মূলত উপরের দিকে চার থেকে আট ইঞ্চির বরফ জমে যেতে পারে। আজ সন্ধ্যা 7টা থেকে মঙ্গলবার সন্ধ্যা 7টা পর্যন্ত সেন্ট লওরেন্স, ফ্র্যাঙ্কলিন এবং নর্থ কাউন্টির এসেক্স কাউন্টিতে উইন্টার অ্যাডভাইজরি অব্যহত থাকবে, এখানে তিন থেকে ছয় ইঞ্চি বরফ জমে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

আবহাওয়া পর্যবেক্ষণ, সতর্কীকরণ, উপদেশক এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকার জন্য, ভিজিট করুন ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ওয়েবসাইট।

নিরাপদ যাত্রা

প্রবল বৃষ্টিপাত হওয়ার সময়েই রাস্তায় বের হলে, অনুগ্রহ করে সাবধানে গাড়ি চালান এবং এই বিষয়গুলি মাথায় রাখুন:

- বন্যা বিধ্বস্ত রাস্তা দিয়েই গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- দ্রুত গতিতে বয়ে চলা পানি ভাসিয়ে নিয়ে যাওয়ার ক্ষমতা রাখে, তাকে অবহেলা করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানি কিন্তু আপনার গাড়িকে ভাসিয়ে নিয়ে চলে যাবে। প্রতি ঘন্টায় দুই মাইল বেগে বয়ে চলে পানি একটা রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।
- বন্যা বিধ্বস্ত রাস্তায় যাতে আটকা পড়তে না হয় সে জন্য সময়ের আগেই বের হোন।
- প্রস্তাবিত রাস্তা অনুসরণ করুন। বন্যা বিধ্বস্ত অঞ্চলগুলি দেখতে ইমার্জেন্সি ডিট্যুর উপেক্ষা করবেন না।
- যাতায়াত করার সময়ে, সাম্প্রতিক খবরে নজর রাখতে NOAA ওয়েদার রেডিও এবং লোকাল রেডিও ব্রডকাস্টে মনযোগ রাখুন।
- বন্যায় ভেসে চলে যাওয়া রাস্তা, ফাঁটল ধরে যাওয়া, পানি অথবা পানি বের হয়ে যাওয়ার ব্যবস্থায় থাকা ফাঁটল অথবা বৈদ্যুতিক তার মাটিতে পড়ে আছে কি না এবং কোনও কিছু পড়ছে অথবা পড়ে আছে কি না সেই সব দিকে নজর রাখুন।
- যেসব জায়গায় নদী বা জলপ্রবাহ হঠাৎ বৃদ্ধি পেয়ে বন্যা আনতে পারে, যেমন হাইওয়ের গর্ত, সেতু ও নিচু এলাকা, সেখানে লক্ষ্য রাখুন।
- যদি আপনি আপনার গাড়ির ভিতরে থাকেন আর আপনার চারপাশে জল দ্রুতবেগে বাড়তে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে চলে যান।

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তুপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানোটা গুরুত্বপূর্ণ।

- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।
- প্লাবিত রাস্তার উপর দিয়ে গাড়ি চালাবেন না; ঘুরে গিয়ে অন্যদিক দিয়ে যান। প্রতি ঘন্টায় দুই মাইল বেগে বয়ে চলে পানি একটা রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।

উপরন্তু, শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। ড্রাইভিং শুরুর আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো ড্রাইভিং এর চাবিকাঠি। থামার জায়গাগুলোর পরিকল্পনা করুন এবং গাড়িগুলির মধ্যে দূরত্ব বজায় রাখুন, অতিরিক্ত সতর্ক থাকুন, ও মনে রাখুন, বাতাস তাড়িত তুষারপুঞ্জ ছোট ছোট শিশুদের আড়াল করে দিতে পারে। অধিকন্তু, সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে আপনার গতি মেলান।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘন্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যাধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত।

এজেন্সির প্রস্তুতি

স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (State Department of Transportation) স্নো ব্লোয়ার, ক্ষুদ্রতর প্লাও ট্রাক, লোডার ও গ্রেডারসহ প্রায় 1,600 বড় ডাম্প ট্রাক, 175টির বেশি মাঝারি ক্ষমতার প্লাও, 14টি সিউয়ার জেট এবংআরো শতশত অন্যান্য সরঞ্জামাদি ব্যবহার করে ঝড়ের মোকাবেলা করে। শীতকালীন ঝড়ের অগ্রগতিতে সমগ্র স্টেট জুড়ে রাস্তা সুরক্ষিত রাখতে সাহায্য করতে এই সরঞ্জাম এর পাশাপাশি 3,500 এর বেশি কর্মকর্তা ও সুপারভাইজার নিয়োগ করা হয়েছে।

মোটরচালকদের যাত্রার পূর্বে 511NY এখানে দেখতে www.511NY.org বা মোবাইল অ্যাপ ডাউনলোড করতে মনে করানো হচ্ছে। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কি না তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) 632 জন সুপারভাইজার ও চালক আছে যারা সমগ্র স্টেট জুড়ে 240টি বড় স্নো প্লাও, 123টি মাঝারি স্নো প্লাও, 10টি টো প্লাও এবং 53টি লোডার নিয়োগ করতেএবং 115,000 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে

মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্রময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়। এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক রাজ্য | এগজিকিউটিভ চেম্বার (Executive Chamber) |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন